

# কবুগাময়

(আমি) অকৃতী অধম ব'লেও তো, কিছু  
কম ক'রে মোরে দাওনি!  
যা' দিয়েছো তারি অযোগ্য ভাবিয়া,  
কেড়েও তো কিছু নাওনি!  
(তব) আশীষ-কুসুম ধরি নাই শিরে,  
পায়ে দ'লে গেছি, চাহি নাই ফিরে;  
তবু দয়া ক'রে কেবলি দিয়েছ,  
প্রতিদান কিছু চাওনি।  
(আমি) ছুটিয়া বেড়াই জানি না কি আশে,  
সুধা-পান ক'রে, মরি গো পিয়াসে;  
তবু, যাহা চাই সকলি পেয়েছি;  
তুমি তো কিছুই পাওনি।  
(আমায়) রাখিতে চাও গো, বাঁধনে আঁটিয়া,  
শত-বার যই বাঁধন কাটিয়া,  
ভাবি, ছেরে গেছ,-ফিরে চেয়ে দেখি,  
এক পা-ও ছেড়ে যাওনি।